

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গনি রোড, ঢাকা।
www.rd.gov.bd

স্মারক নং-১০.০৫.০০০০.০০৪.৯৯.০১৬.২৬- ২০(৬০)


তারিখঃ ১৫/০২/২০২৬

বিষয়ঃ রেকর্ডপত্র সরবরাহকরণ প্রসঙ্গে।

সূত্রঃ দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, গোপালগঞ্জ এর স্মারক নং-০০.০১.৩৫০০.৭০৮.০১.০৩৯.২৫.৪০০, তারিখ-২৭-০১-২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত স্মারকের (ফটোকপি সংযুক্ত) প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পত্রে বর্ণিত ব্যক্তিদের নামে নিবন্ধন অধিদপ্তরাধীন সাব-রেজিস্ট্রি অফিসসমূহে ২০০৫ সাল থেকে অদ্যাবধি কোন জমি/স্বাবর সম্পত্তি ক্রয় বিক্রয় ইত্যাদি রেজিস্ট্রি হয়ে থাকলে সে সংক্রান্ত তথ্যাদি/রেকর্ডপত্র সংগ্রহ পূর্বক একত্রিত করে সংযুক্ত পত্রের ছক মোতাবেক জনাব আফছার উদ্দিন, উপসহকারী পরিচালক ও অনুসন্ধানকারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয় গোপালগঞ্জ বরাবর প্রেরণ পূর্বক অধিদপ্তর-কে অবহিত করার জন্য তাঁকে বলা হলো।

সংযুক্তঃ-০১ ফর্দ।


15.2.26
(কাজী আবদুল হান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

জেলা রেজিস্ট্রার,(সকল)।

স্মারক নং-১০:০৫.০০০০.০০৪.৯৯.০১৬.২৬-

তারিখঃ-

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

০১। জনাব আফছার উদ্দিন, উপসহকারী পরিচালক ও অনুসন্ধানকারী কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয় গোপালগঞ্জ।

০২। অফিস কপি।

(কাজী আবদুল হান্নান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

দুর্নীতি দমন কমিশন

জেলা কার্যালয়

গোপালগঞ্জ।

[দুর্নীতি দমন কমিশন আইন-২০০৪ ও দুর্নীতি দমন কমিশন বিধিমালা, ২০০৭ দ্রষ্টব্য]

স্মারক নম্বর- : ০০.০১.৩৫০০.৭০৮.০১.০৩৯.২৫. ৪০০

তারিখ: ২৭/০১/২০২৬ খ্রি:

বিষয় : রেকর্ডপত্র সরবরাহকরন প্রসঙ্গে।

সূত্র : (ক) দুদক, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর- ০০.০১.৩৫০০.৭০৮.০১.৮৮৬.২৫.৫৩৩২৯, তারিখ: ১২/১০/২০২৫ খ্রি।

(দুদক, প্রধান কার্যালয়, ঢাকার ই/আর নম্বর: তদন্ত-১/৮৮৬/২০২৫/গোপালগঞ্জ)

(খ) দুদক, জেলা কার্যালয়, গোপালগঞ্জের ই/আর নম্বর-৩৯/২০২৫, তারিখ: ১৯/১০/২০২৫ খ্রি।

(গ) দুদক, জেলা কার্যালয়, গোপালগঞ্জের স্মারক নম্বর- ০০.০১.৩৫০০.৭০৮.০১.০৩৯.২৫.১৪৩০, তারিখ: ১৯/১০/২০২৫ খ্রি।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত অভিযোগের বিষয়ে অনুসন্ধানপূর্বক/যাচাই প্রতিবেদন দাখিলের জন্য নিম্নস্বাক্ষরকারীকে অনুসন্ধানকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়েছে।

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ : জনাব মেহেদী হাসান মুন, পিতা-মুজিবুর রহমান হাওলাদার, সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, কোটালীপাড়া উপজেলা, গোপালগঞ্জ এর বিরুদ্ধে ক্ষমতার অপব্যবহার করে ও অবৈধভাবে প্রভাব খাটিয়ে কোটি কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্ণিত অভিযোগের সূত্রে অনুসন্ধানের স্বার্থে আপনার জেলার অধীন সাব-রেজিস্ট্রি অফিস সমূহে নিম্নবর্ণিত ব্যক্তি/ব্যক্তিদের নামে ২০০৫ সন থেকে বর্তমান সময় পর্যন্ত কোন জমি/স্বাবর সম্পদ রেজিস্ট্রি হয়েছে কিনা? রেজিস্ট্রি হয়ে থাকলে দলিলের দাতা ও গ্রহীতার নাম, দলিলের ধরণ, দলিল নম্বর ও তারিখ, জমির মৌজা, দাগ নম্বর, পরিমাণ এবং মূল্য ইত্যাদি উল্লেখ করে একটি তালিকাসহ দলিলের ফটোকপি পর্যালোচনা করা একান্ত প্রয়োজন।

ব্যক্তি/ব্যক্তিবর্গের নাম ও ঠিকানাঃ

ক্রঃ নং	নাম, পিতা/স্বামীর নাম	এনআইডি
১.	মেহেদী হাসান (MEHEDI HASAN), পিতা- মুজিবুর রহমান হাওলাদার, মাতা- শিমুল হাওলাদার, ঠিকানাঃ গ্রাম-শ্রীরামপুর, পোস্টঃ পিঞ্জুরী-৮১১০, কোটালীপাড়া, গোপালগঞ্জ।	NID- ৮৬৬৯৯৫৭৫৩৫

এমতাবস্থায়, উপরিউক্ত তথ্যাদি পত্র প্রাপ্তির ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী। উল্লেখ্য অনুসন্ধানের জন্য সময়ের সীমাবদ্ধতা রয়েছে।

প্রাপক: মহা-পরিদর্শক, নিবন্ধন
নিবন্ধন অধিদপ্তর
১৪, আবদুল গনি রোড ঢাকা- ১০০০।

আফছার উদ্দিন
উপসহকারী পরিচালক
ও
অনুসন্ধানকারী কর্মকর্তা
মোবাইল নং-০১৮৩৮৯৬১২৩১

E-mail: afsaru810@gmail.com

স্মারক নম্বর- : ০০.০১.৩৫০০.৭০৮.০১.০৩৯.২৫.

তারিখ: ১/০১/২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, জেলা কার্যালয়, গোপালগঞ্জ।

২। অফিস কপি

নিবন্ধন অধিদপ্তর ১৪, আবদুল গনি রোড, ঢাকা-১০০০	
<input type="checkbox"/> এ.আই.জি.আর	<input type="checkbox"/> আই.আর.ও (সিলেট বিভাগ)
<input type="checkbox"/> আই.আর.ও (ঢাকা বিভাগ)	<input type="checkbox"/> আই.আর.ও (বরিশাল বিভাগ)
<input type="checkbox"/> আই.আর.ও (চট্টগ্রাম বিভাগ)	<input type="checkbox"/> প্রশাসনিক কর্মকর্তা
<input type="checkbox"/> আই.আর.ও (রাজশাহী বিভাগ)	<input type="checkbox"/> নিয়োগ শাখা
<input type="checkbox"/> আই.আর.ও (খুলনা বিভাগ)	<input type="checkbox"/> টি.সি শাখা
তারিখ: ১/০১/২০২৬	স্বাক্ষর: [স্বাক্ষর]

আফছার উদ্দিন
উপসহকারী পরিচালক